

## 111513 - ফজর হওয়ার ব্যাপারে সন্দেহ নিয়ে রোযাদার খেতে পারেন; কিন্তু সূর্য ডোবার ব্যাপারে সন্দেহ নিয়ে ইফতার করতে পারেন না

### প্রশ্ন

১। রোযাদার সূর্য ডোবার ব্যাপারে নিশ্চিত হওয়া কিংবা প্রবল অনুমান লাভ করা ছাড়া রোযাদারের জন্য ইফতার করা জায়েয নয়। কোন রোযাদার যদি সূর্য ডোবার ব্যাপারে সন্দেহ নিয়ে ইফতার করে ফেলে পরবর্তীতে জানা যায় যে, ইফতার করার সময় সূর্য ডুবেনি তখন তাকে সেই দিনের রোযা কাযা পালন করতে হবে।

২। কোন ব্যক্তি যদি ফজর হয়েছে; নাকি হয়নি— এ সন্দেহ নিয়ে পানাহার করে তার রোযা সঠিক। প্রশ্ন হলো প্রথম মাসয়ালায় কেন কাযা ওয়াজিব হয়? আর দ্বিতীয় মাসয়ালায় কেন কাযা ওয়াজিব হয় না।

### প্রিয় উত্তর

সূর্য ডোবার ব্যাপারে সন্দেহ নিয়ে রোযাদার যদি ইফতার করে ফেলে তাহলে সে রোযাটির কাযা পালন করবে; যেহেতু আল্লাহ তাআলা বলেছেন: “তোমরা রাত পর্যন্ত রোযা পূর্ণ কর।” [সূরা বাক্বারা, আয়াত: ১৮৭] রাত শুরু হয় সূর্য ডোবা থেকে। সুতরাং সেই ব্যক্তি নিশ্চিত ছিলেন যে, সে দিনে রয়েছেন। তাই সে সূর্য ডোবার ব্যাপারে নিশ্চিত না হওয়া কিংবা প্রবল অনুমান লাভ করা ছাড়া ইফতার করবে না। কেননা মূল অবস্থা হল দিন বলবৎ থাকা। তাই নিশ্চিত জ্ঞান বা প্রবল অনুমান ছাড়া এ মূল অবস্থা থেকে অন্য অবস্থায় স্থানান্তরিত হবে না।

আর ফজর উদিত হওয়ার ব্যাপারে সন্দেহ নিয়ে যে ব্যক্তি পানাহার করেছেন সে ব্যক্তি কাযা পালন করবেন না; যেহেতু আল্লাহ তাআলা বলেছেন: “আর তোমাদের কাছে কালো রেখা থেকে প্রভাতের সাদা রেখা স্পষ্ট না হওয়া পর্যন্ত (অর্থাৎ রাতের অন্ধকার চলে গিয়ে ভোরের আলো উদ্ভাসিত না হওয়া পর্যন্ত) তোমরা পানাহার কর” [সূরা বাক্বারা, আয়াত: ১৮৭] আল্লাহ তাআলা বলেছেন: “তোমাদের কাছে স্পষ্ট না হওয়া পর্যন্ত”। এ কথা প্রমাণ করে যে, ফজর হওয়ার ব্যাপারে নিশ্চিত হওয়ার পূর্ব পর্যন্ত পানাহার করা জায়েয। কেননা সে ব্যক্তি যে, রাতের মধ্যে রয়েছে এ ব্যাপারে সে সুনিশ্চিত ছিল। তাই ফজর উদিত হওয়ার ব্যাপারে নিশ্চিত হওয়া ছাড়া পানাহার করা তার জন্য হারাম নয়। যেহেতু মূল অবস্থা হল রাত বলবৎ থাকা।

আরও জানতে দেখুন: [38543](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।